

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.sh.ed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১৯.১৮.৪০২

তারিখ: ০১ আশ্বিন ১৪২৫
১৬ সেপ্টেম্বর ২০১৮

অভিযোগনাম

যেহেতু, জনাব মোহাম্মদ জসিম উদ্দিন (২৮৩৫), অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, সাবেক প্রকল্প পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের অধীন আই.সি.টির মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার প্রচলন (২য় পর্যায়) শীর্ষক প্রকল্পের আওতায় মাল্টিমিডিয়া প্রজেক্টেরসহ বিভিন্ন সামগ্রী ক্রয়ের ক্ষেত্রে অনিয়মের অভিযোগের বিষয়ে তদন্ত প্রতিবেদনে আনীত অভিযোগসমূহ প্রাথমিক প্রমাণ হয়েছে;

যেহেতু, একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ)(ই) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ)(ই) মোতাবেক “অসদাচরণ” ও “দুর্নীতি” এর অভিযোগে অভিযুক্ত করা হলো এবং উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে আপনাকে কেন “চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service)” করা হবে না অথবা বর্ণিত বিধিমালার আওতায় অন্য কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ এ বিধির ৭(১) (খ) ধারা অনুযায়ী অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকরকারীর নিকট লিখিতভাবে প্রদানের জন্য নির্দেশ দেয়া হলো। আপনি আত্মপক্ষ সমর্থনে কোন ব্যক্তিগত শুনানি চান কি-না তাও আপনার জবাবে উল্লেখ করার জন্য বলা হলো।

যে অভিযোগবিবরণীর ভিত্তিতে এ অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে তার অনুলিপি এতৎসঙ্গে সংযুক্ত করা হলো।

ফৌজিল ষ্টেম ১৬.১২.২০১৮

(মোঃ সোহরাব হোসাইন)

সচিব

জনাব মোহাম্মদ জসিম উদ্দিন (২৮৩৫)
অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি)
বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। সিনিয়র সিলেক্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগবিবরণী

যেহেতু, জনাব মোহাম্মদ জসিম উদ্দিন (১৫৩৫), অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, সাবেক প্রকল্প পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের অধীন আই.সি.টির মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার প্রচলন (২য় পর্যায়) শীর্ষক প্রকল্পের আওতায় মাল্টিমিডিয়া প্রজেক্টেরসহ বিভিন্ন সামগ্রী ক্রয়ের ক্ষেত্রে অনিয়মের অভিযোগের বিষয়ে তদন্ত প্রতিবেদনে আনীত অভিযোগসমূহ প্রাথমিক প্রমাণ হয়েছে;

যেহেতু, একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উত্তরূপ কার্যকলাপ সরকারি চাকরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ)(ই) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, জনাব মোহাম্মদ জসিম উদ্দিন (১৫৩৫), অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-কে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ)(ই) অনুযায়ী “অসদাচরণ” ও “দুর্নীতি” এর অভিযোগে অভিযুক্ত করা হলো।

ফেব্রুয়ারি

২৬.০২.২০১৮

(মোঃ সোহরাব হোসাইন)

সচিব